



ইসরায়েলি হামলায় লেবাননে নারী-শিশুসহ নিহত ৩১



সংগৃহীত ছবি

লেবাননে ইসরায়েলি বিমান ও স্থল অভিযানে একদিনে অন্তত ৩১ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও প্রায় ৪০ জন। নিহতদের মধ্যে নারী ও শিশুও রয়েছে বলে জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম।

হামলাগুলো মূলত দক্ষিণ ও পূর্ব লেবাননের বিস্তৃত এলাকায় চালানো হয়। একই সময় ইসরায়েলি স্থলবাহিনী দক্ষিণ লেবাননের ভেতরে আরও অগ্রসর হয়, ফলে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে।

অভিযান জোরদারের অংশ হিসেবে ইসরায়েলি সেনাবাহিনী কয়েক ঘণ্টার মধ্যে প্রায় ৫০টি শহর, উপজেলা ও গ্রামের বাসিন্দাদের এলাকা ছাড়ার নির্দেশ দেয়। স্থানীয়দের দ্রুত নিরাপদ স্থানে সরে যেতে এবং জাহরানি নদীর উত্তরে আশ্রয় নিতে বলা হয়।

এর আগে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দাবি করেন, লেবাননের ভেতরে কৌশলগত অবস্থান দখলের লক্ষ্যেই অভিযান চালানো হচ্ছে। তার ভাষ্য অনুযায়ী, সাম্প্রতিক সময়েও হিজবুল্লাহর বহু যোদ্ধাকে লক্ষ্য করে হামলা চালানো হয়েছে।

এদিকে পাল্টাপাল্টি হামলার মধ্যেই হিজবুল্লাহ দাবি করেছে, দক্ষিণ লেবাননে ইসরায়েলি বাহিনীর ওপর তারা ৩২টি হামলা চালিয়েছে। এতে ট্যাংক, সাঁজোয়া যান এবং একটি ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা স্থাপনা লক্ষ্যবস্তু করা হয়েছে। সংগঠনটি দুটি ইসরায়েলি ড্রোন ভূপাতিত করার দাবিও করেছে।